Question Type-01: বেগের সামান্তরিক সূত্র সংক্রান্ত

➲ **Formula & Concept:**

$u \wedge v = \alpha$, $w \wedge u = \theta$

লব্ধি বেগ, $w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$

যখন, $u \wedge v \Rightarrow u$ এবং v এর মধ্যবর্তী কোণ

$\tan\theta = \frac{v\sin\alpha}{u+v\cos\alpha}$



- বৃহত্তম লব্ধি, $w_{max} = u + v$ $[\alpha = 0°]$
- ক্ষুদ্রতম লব্ধি, $w_{min} = u \sim v$ $[\alpha = 180°]$
- $\alpha = 90°$ হলে লব্ধি, $w_p = \sqrt{u^2 + v^2}$ [p ⇒ perpendicular]
- যদি $u = v$ হয়, তবে $w_e = 2u\cos\frac{\alpha}{2}$ এবং $\theta = \frac{\alpha}{2}$ [e ⇒ equal]

MCQ

01. A car is moving at a velocity of 8 km/hour. A body is thrown outside the car at a velocity of 16 km/hour. If the body moves perpendicular to the car, what is the angle at which the body was thrown? **[IUT'10-11]**

(a) 60° (b) 90° (c) 120° (d) 145°

Solution: (a);



$V_{bc} = \sqrt{16^2 - 8^2} = 8\sqrt{3}$, $\theta = \tan^{-1}\left(\frac{8\sqrt{3}}{8}\right) = 60°$

02. A particle has 3 velocities 10 ms^{-1}, 20 ms^{-1} and 30 ms^{-1} inclined at angle of 120° to one another. The magnitude of the resultant velocity is- **[IUT'08-09]**

(a) $10\sqrt{3}$ ms^{-1} (b) 10 ms^{-1} (c) 5 ms^{-1} (d) $\sqrt{3}$ ms^{-1}

Solution: (a); $v_x = 10 + 20\cos 120° + 30\cos 240°$

$v_y = 0 + 20\sin 120° + 30\sin 240°$; $v = \sqrt{V_x^2 + V_y^2} = 10\sqrt{3}$ ms^{-1}

Written

03. একটি ক্রিকেট বল ভূমির সাথে সমান্তরালভাবে 20 মি/সেঃ সমবেগে চলছে। কিছুক্ষণ পর হঠাৎ ব্যাট দ্বারা পূর্ববেগের সাথে সমকোণে আঘাত করায় বলটি 30 মি/ সেঃ বেগে চলতে লাগলো। ব্যাটের আঘাত বেগ নির্ণয় কর। **[RUET'05-06]**

সমাধান: ধরি, আঘাতের বেগ v ms^{-1}

আদিবেগ ও আঘাত জনিত বল পরস্পর সমকোণ ক্রিয়ারত এবং তাদের লব্ধি 30 মি/ সে.

$\therefore 20^2 + v^2 = 30^2 \Rightarrow v = 10\sqrt{5}$ মি./সে.

04. কোন কণার উপর একই সময় ক্রিয়াশীল দুইটি বেগের লব্ধি $20ms^{-1}$ এবং এর দিক দ্বিতীয়টির দিকের সাথে লম্ব। প্রথম বেগ 25 ms^{-1} হলে, দ্বিতীয় বেগের মান ও দিক নির্ণয় কর। **[BUTEX'02-03]**

সমাধান: মনে করি, P এবং Q দুইটি বেগ পরস্পর α কোণে ক্রিয়ারত উহাদের লব্ধি $R = 20$ ms^{-1}. যাহা Q এর সাথে 90° কোণ উৎপন্ন করে। দেওয়া আছে $P = 25$ ms^{-1}.

ΔOAB - এ, $AB^2 = OA^2 + OB^2 \Rightarrow 25^2 = Q^2 + 20^2$

$\therefore Q = 15ms^{-1}$

আবার, OA বরাবর লব্ধির লম্বাংশ নিয়ে, $R\cos 90° = 0 = P\cos\alpha + Q$

$\therefore \cos\alpha = -\frac{Q}{P} = -\frac{15}{25}$, $\alpha = 126.87°$



∴ ২য় বেগ $15ms^{-1}$ যা ১ম বেগের সাথে 126.87° কোণে আণত।

05. একই সময়ে কোন কণার উপর 65° কোণে ক্রিয়ারত $200ms^{-1}$ বেগদ্বয়ের লব্ধির মান ও দিক নির্ণয় কর। **[BUTEX'01-02]**



সমাধান: $\theta = \tan^{-1}\left(\frac{200\sin 65^\circ}{200+200\cos 65^\circ}\right) = 32.5^\circ$ (Ans.)

$R = \sqrt{200^2 + 200^2 + 2\times 200\times 200\cos 65^\circ}$

$= 337.356ms^{-1};\ \theta = 32^\circ 30'$

Question Type-02: দূরত্ব নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

Cosine Law ব্যবহার করে,

OX বরাবর ১ম ব্যক্তির বেগ $= v_A$

OY বরাবর ২য় ব্যক্তির বেগ $= v_B$

মধ্যবর্তী কোণ $= \alpha$

t সময় পর,

OX বরাবর ১ম ব্যক্তির অতিক্রান্ত দূরত্ব $= OA = v_A t$

OY বরাবর ২য় ব্যক্তির অতিক্রান্ত দূরত্ব $= OB = v_B t$ [$s = vt$]

t সময় পর A ও B বিন্দুতে অবস্থিত ২ ব্যক্তির মধ্যবর্তী দূরত্ব AB.



♦ **Cosine Law:**

$\cos\alpha = \frac{OA^2+OB^2-AB^2}{2.OA.OB} \therefore AB^2 = OA^2 + OB^2 - 2.OA.OB\cos\alpha \therefore AB = \sqrt{OA^2 + OB^2 - 2.OA.OB\ \cos\alpha}$

যেখানে, $OA = v_A t, OB = v_B t$.

♦ **Special Case:** $\alpha = 90^\circ$

পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$AB^2 = OA^2 + OB^2$

$\therefore AB = \sqrt{OA^2 + OB^2}$ [যেখানে, $OA = v_A t, OB = v_B t$]



MCQ

01. এক ব্যক্তি ঘণ্টায় 3km বেগে উত্তর দিকে 12 km হাঁটার পর পশ্চিম দিকে 150 মিনিটে 5km পথ হাঁটল। ব্যক্তিটির গড় বেগ হল-

(a) $\frac{17}{6}kmh^{-1}$ (b) $\frac{2}{3}\ kmh^{-1}$ (c) $2\ kmh^{-1}$ (d) $2.5\ kmh^{-1}$ **[BUET'11-12]**

সমাধান: (c); মোট সরণ $= \sqrt{12^2 + 5^2} = 13km$



মোট সময় $= \frac{12}{3} + 2.5 = 6.5hr;\ \therefore$ গড়বেগ $= \frac{13}{6.5} = 2kmh^{-1}$

02. Two cars start their journey from the same point at a velocity of $1\ kmh^{-1}$ and $2\ kmh^{-1}$, respectively. If the angle between their travel paths is 60° then what is their distance after 2 hour? **[IUT'11-12]**

(a) $2\sqrt{2}$ km (b) $\sqrt{10}$ km (c) $2\sqrt{3}$ km (d) 4 km

Solution: (c); $c^2 = a^2 + b^2 - 2abcos\ C = 2^2 + 4^2 - 2\cdot 2\cdot 4\cdot\cos 60^\circ$

$= 4 + 16 - 16\cdot\frac{1}{2} = 12\ \therefore c = \sqrt{12} = 2\sqrt{3}$

Click to edit

Written

03. একটি জাহাজ কোন স্থান হতে $15\ \text{kmh}^{-1}$ বেগে উত্তর দিকে যাত্রা শুরু করল। যাত্রার শুরুতেই তার পূর্বদিকে 10km দূরে অপর একটি জাহাজ দেখতে পেল। দ্বিতীয় জাহাজটি $20\ \text{kmh}^{-1}$ বেগে পশ্চিম দিকে যাচ্ছে। কতক্ষণ পর তাদের মাঝে দূরত্ব ন্যূনতম হবে? তাদের মাঝে ন্যূনতম দূরত্ব কত? **[BUET'08-09]**



সমাধান: t ঘন্টা পর দূরত্ব $= \sqrt{(25t-8)^2+6^2}$

$= \sqrt{(15t)^2+(10-20t)^2}$

$= \sqrt{625t^2-400t+100}$

[Note: রাশিটি differentiate করেও মান বের করা যায়]

$\therefore$ সর্বনিম্ন দূরত্ব $= 6\ \text{km}$

$t = \frac{8}{25}\text{hr} = 19.2\ \text{min}$

Question Type-03: নদী পারাপার সংক্রান্ত

➲ **Formula & Concept:**

	কোন শর্ত না দেওয়া থাকলে	সর্বনিম্ন সময়	সর্বনিম্ন দূরত্ব (সোজা সুজি নদী পার)
চিত্র			
সূত্র	$w = \sqrt{u^2+v^2+2uv\cos\alpha}$ $d = v\sin\alpha\, t \Rightarrow t = \frac{d}{v\sin\alpha}$ $x = (u+v\cos\alpha)t$ $\frac{x}{d} = \frac{u+v\cos\alpha}{v\sin\alpha}$	$w = \sqrt{u^2+v^2}$ $\alpha = 90°$ $d = v\,t_{min} \Rightarrow t_{min} = \frac{d}{v}$ $x = ut_{min}$ $\frac{x}{d} = \frac{u}{v}$	$w = \sqrt{v^2-u^2}$ $\alpha = \cos^{-1}\left(-\frac{u}{v}\right)$ $d = w\,t_{min,d}$ $\Rightarrow t_{min,d} = \frac{d}{\sqrt{v^2-u^2}} = \frac{d}{w}$ $x = 0$

নৌকার/সাতারুর বেগ= v, স্রোতের বেগ= u, লব্ধি বেগ= w

MCQ

01. Suppose, your swimming velocity is twice of current in a river. You wish to cross the river perpendicularly having the current. But you reached 300 m far from the opposite of your starting point. Then width of the river is- **[IUT'20-21]**

(a) 150 m (b) 300 m (c) 600 m (d) None of these

Solution: (c); $x = (u+2u\cos 90°)\times t \Rightarrow 300 = u\times\frac{d}{2u\sin 90°}$

$\Rightarrow 300 = \frac{d}{2} \therefore d = 600\text{m}$

Shortcut: if $\alpha = 90°; \frac{x}{d} = \frac{u}{2u} \Rightarrow d = 2x = 2\times 300 = 600\text{m}$



02. একজন ব্যক্তি আড়াআড়িভাবে $3\ \text{kmh}^{-1}$ বেগে সাঁতার কেটে 177 মিটার প্রশস্ত স্রোতবিহীন নদী পার হতে পারে। নদী পার হতে স্বল্পতম কত সময়ের প্রয়োজন হবে? যদি স্রোতের গতিবেগ $5\ \text{kmh}^{-1}$ হয়, যাত্রা বিন্দুর ঠিক বিপরীত বিন্দু হতে কত দূরে উক্ত ব্যক্তি পৌঁছাবে? **[CUET'14-15]**

(a) 3.54 sec, 295m (b) 3.54 min, 295m (c) 3.54 sec, 2.95m (d) None of them

সমাধান: (b); $t_{min} = \frac{d}{v} = \frac{177\text{m}}{\frac{3\times10^3}{3600}\text{ms}^{-1}} = 212.4\text{s} = 3.54\text{min}$



$t_{min} = \frac{d}{v\sin\theta}, \theta = 90°$

এক্ষেত্রে স্রোতের বেগের কারণে ব্যক্তিটি অনুভূমিক দিকে দূরত্ব অতিক্রম করে। $\therefore x = ut \therefore x = \left(\frac{5\times10^3}{3600}\times 212.4\right)\text{m} = 295\text{m}$

03. একজন সাঁতারু নদীর স্রোতের সাথে সমকোণে যাত্রা শুরু করে অপর পাড়ে বিপরীত বিন্দু হতে 500m দূরে পৌঁছালো। স্রোতের বেগ u এবং সাঁতারুর বেগ 2u হলে নদীর প্রস্থ কত? **[BUTEX'14-15]**

(a) 1 km (b) 2 km (c) 3 km (d) 4 km

সমাধান: (a);



$s = vt \Rightarrow 0.5 = u \times t \Rightarrow t = \frac{0.5}{u} \therefore d = 2ut = 2u \times \frac{0.5}{u} = 1km.$

04. A man takes 8min to cross a 400m wide river by swimming, if there is no current in the river. However, he takes 10 minutes to cross the river, if there is current in the river. The velocity of the current is- **[IUT'14-15]**

(a) 15 m min^{-1} (b) 20 m min^{-1} (c) 25 m min^{-1} (d) 30 m min^{-1}

Solution: (d); $v = \frac{400}{8} = 50 \text{ m min}^{-1}$; $w = \frac{400}{10} = 40 \text{ m min}^{-1}$ $\therefore u = \sqrt{v^2 - w^2} = 30 \text{ m min}^{-1}$

05. একটি গাড়ী 8 km h^{-1}বেগে চলছে। গাড়ী থেকে 16 km h^{-1} বেগে একটি বস্তু কোন দিকে নিক্ষেপ করলে বস্তুটি গাড়ীর বেগের সাথে সমকোণে চলবে? **[BUTEX'12-13]**

(a) 120° (b) 150° (c) 135° (d) 90°

সমাধান: (a); এই অঙ্কের Scenario নদী-নৌকা অঙ্কের মত



v = গাড়ির বেগ, u = বস্তু নিক্ষেপের বেগ, α = u^v; সমকোণ চললে v বরাবর লম্বাংশ $v + u\cos\alpha = 0$

$\Rightarrow \cos\alpha = -\frac{v}{u} \Rightarrow \cos\alpha = -\frac{8}{16} \Rightarrow \alpha = 120°$

06. নদীর স্রোতের দ্বিগুণ বেগে ও স্রোতের সাথে লম্বভাবে একটি নৌকার দাঁড় টানা হচ্ছে। নৌকাটি অপর তীরে যাত্রা বিন্দুর ঠিক বিপরীত স্থান থেকে 2.5 কি.মি. ভাটিতে পৌঁছাল। নদীটির প্রস্থ কত? **[BUET'11-12]**

(a) 2.5km (b) 4km (c) 3km (d) 5km



সমাধান: (d); ধরি, t সময় লাগে অপর তীরে পৌঁছাতে।

$\therefore t = \frac{d}{u} = \frac{d}{2v}$

এখন, $2.5 = v \times t$ বা, $2.5 = v \times \frac{d}{2v} = \frac{d}{2}$ $\therefore d = 5km$

07. A man, who swims at a speed of 5 ms^{-1} in still water, wishes to cross a river of breadth 20m flowing at a speed of 3 ms^{-1}. The time taken by the man to cross the river is- **[IUT'08-09]**

(a) 8 sec (b) 6 sec (c) 5 sec (d) 4 sec

Solution: (c); $w = \sqrt{5^2 - 3^2} = 4$ $\therefore t = \frac{d}{w} = \frac{20}{4} = 5s$

Written

08. দুটি নৌকা প্রত্যেকে 5kmh^{-1} বেগে চলে 3kmh^{-1} বেগে প্রবাহিত 550m চওড়া একটি নদী পাড়ি দিতে চায়। একটি নৌকা ন্যূনতম পথে ও অপরটি ন্যূনতম সময়ে নদীটি পাড়ি দেয়। তারা একই সময়ে যাত্রা করলে তাদের অপর পাড়ে পৌঁছানোর সময়ের পার্থক্য নির্ণয় কর। **[BUET'16-17]**

সমাধান: ন্যূনতম পথে পাড়ি দিতে প্রয়োজনীয় সময়, $t_1 = \frac{0.55}{\sqrt{5^2-3^2}}h = 0.1375h$

ন্যূনতম সময়ে পাড়ি দিতে প্রয়োজনীয় সময়, $t_2 = \frac{0.55}{5}h = 0.11h$ $\therefore \Delta t = (0.1375 - 0.11)h = 0.0275h = 99 \text{ sec}$

09. স্রোতহীন অবস্থায় একটি লোক 4 মিনিটে সাঁতার কেটে সোজাসুজিভাবে 100 মিটার প্রশস্ত একটি নদী অতিক্রম করতে পারে কিন্তু স্রোত থাকলে তার সময় লাগে 5 মিনিট। স্রোতের বেগ নির্ণয় কর। **[BUET'03-04, RUET'06-07, 10-11, 12-13]**

সমাধান: স্রোতের বেগ u, সাঁতারুর বেগ v এবং লব্ধি বেগ w হলে,

$w = \frac{100}{5} = 20 \text{ m/min}$; $v = \frac{100}{4} = 25 \text{ m/min}$

এখন, $u\cos 0° + v\cos\alpha = w\cos 90°$ $\therefore v\cos\alpha = -u$

আবার, $w^2 = v^2 + u^2 + 2uv\cos\alpha = v^2 + u^2 + 2u(-u) \Rightarrow u^2 = v^2 - w^2$

$\therefore u = \sqrt{25^2 - 20^2} = 15 \text{ m/min}$ (Ans.)



10. একজন লোক আড়াআড়িভাবে সাঁতার কেটে b ফুট প্রস্থবিশিষ্ট একটি স্রোতবিহীন নদী t_1 সেকেন্ডে পাড়ি দিতে পারে এবং নদীতে স্রোত থাকলে t সেকেন্ডে পাড়ি দিতে পারে। স্রোতের বেগ নির্ণয় কর। **[BUET'00-01]**

সমাধান: ধরি, লোকের বেগ $= u\ fts^{-1}$ এবং স্রোতের বেগ $= v\ fts^{-1}$



$b = ut_1 \ldots\ldots\ldots$ (i) এবং $v + u\cos\alpha = w\cos 90° = 0$

$\Rightarrow \cos\alpha = -\frac{v}{u} \therefore w = \sqrt{u^2 + v^2 + 2uv \times \frac{-v}{u}} = \sqrt{u^2 - v^2}$

প্রশ্নমতে, $b = \sqrt{(u^2 - v^2)} \times t \Rightarrow u^2 - v^2 = \frac{b^2}{t^2}$

$\Rightarrow v^2 = u^2 - \frac{b^2}{t^2} \Rightarrow v^2 = \frac{b^2}{t_1^2} - \frac{b^2}{t^2} \Rightarrow v = b\sqrt{\frac{1}{t_1^2} - \frac{1}{t^2}}\ fts^{-1}$ (Ans.)

Question Type-04: কখনও সমত্বরণ, সমমন্দন, সমবেগে চলমান কণার গতি সংক্রান্ত

➲ **Formula & Concept:**

♦ সময়ের সাপেক্ষে সুষমভাবে বেগ বাড়লে অর্থাৎ সমত্বরণ হলে v-t গ্রাফের প্রকৃতি-	 → স্থির অবস্থান থেকে যাত্রা করলে।  → একটি নির্দিষ্ট বেগ নিয়ে যাত্রা করলে।
♦ সময়ের সাপেক্ষে সুষমভাবে বেগ কমলে অর্থাৎ সমমন্দন হলে v-t গ্রাফের প্রকৃতি নিম্নরূপ-	
♦ সমবেগ-এর ক্ষেত্রে v-t গ্রাফ নিম্নরূপ-	
♦ কোন বস্তু দ্বারা অতিক্রান্ত মোট দূরত্বের কিছু অংশ সমত্বরণে এবং অবশিষ্টাংশ সমমন্দনে গেলে।	
♦ স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে যথাক্রমে সমত্বরণ, সমবেগ ও সমমন্দনে গেলে।	

[Note: $v - t$ গ্রাফের ঢাল ত্বরণ এবং ক্ষেত্রফল সরণ নির্দেশ করে।**]**

গতিসূত্র: ➢ $v = u + ft$ ➢ $s = \frac{u+v}{2}t$ ➢ $s = ut + \frac{1}{2}ft^2$ ➢ $v^2 = u^2 + 2fs$

যেখানে, u = আদিবেগ, v = শেষবেগ, s = সরণ, t = সময়, f = ত্বরণ, সমবেগের জন্য, $s = vt$

MCQ

01. ঘণ্টায় 60 কিঃ মিঃ বেগে চলন্ত একটি ট্রেনকে ব্রেকের সাহায্যে 10 সেকেন্ডের মধ্যে সম্মুখস্থ কোন স্টেশনে থামানো হয়। ব্রেক প্রয়োগের ফলে উৎপন্ন মন্দন কত? স্টেশন হতে কতদূরে থাকতে ব্রেক প্রয়োগ করা হয়। **[KUET'18-19]**

(a) $\frac{5}{3}ms^{-2}, \frac{250}{3}m$ (b) $\frac{3}{5}ms^{-2}, \frac{250}{7}m$ (c) $\frac{7}{5}ms^{-2}, \frac{150}{7}m$

(d) $\frac{5}{7}ms^{-2}, \frac{225}{7}m$ (e) $\frac{7}{3}ms^{-2}, \frac{100}{3}m$

সমাধানঃ (a); $a = \frac{0-\frac{50}{3}}{10} = \frac{5}{3}ms^{-2}$; $s = \frac{1}{2} \times \frac{5}{3} \times 10^2 = \frac{250}{3}m$

02. AB সরলরেখার সাথে 60° কোণে A বিন্দু হতে একটি কণা যাত্রা করে। BA সরলরেখার সাথে 30° কোণে B বিন্দু হতে একই সময়ে অপর একটি কণা ঘণ্টায় 10 km সমবেগে যাত্রা করে এবং কিছুক্ষণ পর প্রথম কণার সাথে মিলিত হয়। প্রথম কণার বেগ নির্ণয় কর। **[BUET'10-11]**

(a) $\frac{2}{\sqrt{3}}kmh^{-1}$ (b) $\frac{20}{\sqrt{3}}kmh^{-1}$ (c) $\frac{10}{\sqrt{3}}kmh^{-1}$ (d) $\frac{4}{\sqrt{3}}kmh^{-1}$

সমাধান: (c);



$CD = x\sin 60^\circ = BC\sin 30^\circ \Rightarrow x = \frac{BC\sin 30^\circ}{\sin 60^\circ} \Rightarrow vt = \frac{10t\sin 30^\circ}{\sin 60^\circ} \Rightarrow v = \frac{10}{\sqrt{3}}\ kmh^{-1}$

Written

03. একটি কণা স্থিরাবস্থা হতে সরলপথে যাত্রা করে 750 m পথ অতিক্রম করে থামে। যাত্রা পথের প্রথম অংশ 2 ms^{-2} সমত্বরণে এবং শেষ অংশ 4 ms^{-2} সমমন্দনে চললে কণাটির সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। **[BUET'20-21]**

সমাধান: $f_1 = \frac{V_{max}}{t_1} = 2 \ \therefore t_1 = \frac{V_{max}}{2}$

অথবা, $f_2 = \frac{V_{max}}{t_2} = 4 \therefore t_2 = \frac{V_{max}}{4}$

আবার, $s = \frac{1}{2} \times (t_1 + t_2) \times v_{max}$

$\Rightarrow 750 = \frac{1}{2} \times \left(\frac{1}{2} + \frac{1}{4}\right) v_{max} \times v_{max}$

$\Rightarrow 750 = \frac{1}{2} \times \frac{3}{4} \times v_{max}^2 \Rightarrow v_{max}^2 = 2000$

$\therefore v_{max} = 20\sqrt{5}\ ms^{-1}$ (Ans.)



04. একটি কণা u আদিবেগে, f সমত্বরণে t সময়ে s দূরত্ব অতিক্রম করে v বেগ প্রাপ্ত হয়। প্রমাণ কর যে, $\frac{v-u}{v+u} = \frac{ft^2}{2s}$। **[BUTEX'18-19]**

সমাধানঃ $s = ut + \frac{1}{2}ft^2 \Rightarrow 1 = \frac{ut}{s} + \frac{ft^2}{2s} \Rightarrow \frac{ft^2}{2s} = 1 - \frac{ut}{s}$ ..... (i)

আমরা জানি, $s = \frac{u+v}{2}t \Rightarrow \frac{s}{t} = \frac{ut^2}{2}$ $\therefore$ (i) হতে পাই, $\frac{ft^2}{2s} = 1 - \frac{u}{\frac{s}{t}} = 1 - \frac{u}{\frac{u+v}{2}} \Rightarrow \frac{ft^2}{2s} = \frac{u+v-2u}{u+v} = \frac{v-u}{v+u}$ (Proved)

05. Car A starts from rest at t=0 and travels along a straight road with a constant acceleration of 6ms^{-2} until it reaches a speed of 80ms^{-1}. Afterwards it maintains this speed. In contrast, at t =0, car B located 6000m down the road is traveling towards A at a constant speed of 60 ms^{-1}. Find the distance traveled by car A when they pass each other. **[IUT'16-17]**



(a) 2400m (b) 3400m (c) 2800m (d) 3200m

Solution: (d); $t_1 = \frac{v_a}{a} = 13.33s$; $S_{A_1} = 533.33m$; $S_B = 800m$

$80t_2 = 4666.67 - 60t_2 \ \therefore t_2 = 33.33s$; $S_{A_2} = 2666.4m$; $S_A = 3200m$

06. একটি রেলগাড়ী এক স্টেশন হতে ছেড়ে 4 মিনিট পর 2km দূরে অবস্থিত অপর স্টেশনে থামে। গাড়িটি তার গতিপথের প্রথমাংশ x সমত্বরণে এবং দ্বিতীয়াংশে y সমমন্দনে চললে $\frac{1}{x}+\frac{1}{y}$ এর মান নির্ণয় কর। **[BUET'11-12]**

সমাধান:



এখানে, $s_1=\frac{0+v}{2}\times t_1 \Rightarrow s_1=\frac{v}{2}t_1$ এবং $s_2=\frac{v+0}{2}\times t_2 \Rightarrow s_2=\frac{v}{2}\times t_2$

$\therefore s_1+s_2=\frac{v}{2}(t_1+t_2)\Rightarrow 2=\frac{v}{2}\times 4\Rightarrow v=1\text{km/min}$

আবার, $v=0+xt_1\Rightarrow t_1=\frac{v}{x}$ এবং $0=v-yt_2\Rightarrow t_2=\frac{v}{y}$

$\therefore t_1+t_2=v\left(\frac{1}{x}+\frac{1}{y}\right)\Rightarrow 4=1\left(\frac{1}{x}+\frac{1}{y}\right)\Rightarrow \frac{1}{x}+\frac{1}{y}=4$

বিকল্প: $OA\rightarrow x=\frac{v}{t_1}$, $t_1=\frac{v}{x}$; $AB\rightarrow y=\frac{v}{t_2}$, $t_2=\frac{v}{y}$

$t_1+t_2=v\left(\frac{1}{x}+\frac{1}{y}\right)\Rightarrow 4=v\left(\frac{1}{x}+\frac{1}{y}\right)\ldots\ldots\ldots$ (i)

$\frac{1}{2}\times v\times t=2\Rightarrow v=1$; (i) $\Rightarrow \frac{1}{x}+\frac{1}{y}=4$



07. একটি বস্তু প্রথম 25ft/sec^2 ত্বরণে এবং পরে 5ft/sec^2 মন্দনে চলে স্থির হয়। স্থিরাবস্থা থেকে 192ft দূরত্ব অতিক্রম করলে গতিপথে তার সর্বোচ্চ গতিবেগ কত ছিল নির্ণয় কর। **[BUET'01-02]**

সমাধান: ত্বরণ 25 ft/sec^2



ত্বরণকাল, $v^2=0^2+2\times 25d_1\Rightarrow d_1=\frac{v^2}{50}$; মন্দনকাল, $0=v^2-2\times 5d_2\Rightarrow d_2=\frac{v^2}{10}$

$d=192=d_1+d_2=\frac{v^2}{50}+\frac{v^2}{10}=v^2\frac{3}{25}\Rightarrow v^2\frac{3}{25}=192\Rightarrow v^2=1600\Rightarrow v=\sqrt{1600}=40\text{ft/sec}$

Question Type-05: বাঘ-হরিণ, ইঁদুর-বিড়াল ধরা এবং বাস-যাত্রী, বাস-সাইকেল অতিক্রম করা সংক্রান্ত

➲ **Formula & Concept:**

এই অঙ্কগুলোতে সাধারণত একজন সমবেগে এবং অপর জন সমত্বরণে চলে, সমবেগের জন্য $s=vt$ এবং সমত্বরণের জন্য-

- $s=ut+\frac{1}{2}at^2$
- $v=u+at$

ব্যবহার করতে হবে। এক্ষেত্রে বাঘ-হরিণ এর মধ্যবর্তী দূরত্ব অবশ্যই সঠিকভাবে সমীকরণে বসাতে হবে।

সমত্বরণের ক্ষেত্রে,
s = সরণ
u = আদিবেগ
v = শেষবেগ
t = সময়
a = ত্বরণ

MCQ

01. Two buses of length 15m and 25m have started their journey from Board Bazar towards Dhaka at the speed of 5.2 kmh^{-1} and 5 kmh^{-1}, respectively. When will they cross each other? **[IUT'19-20]**

(a) 5 minutes (b) 8 minutes (c) 10 minutes (d) 12 minutes

Solution: (d); Relative velocity, $v_r=5.2-5=0.2\text{ kmh}^{-1}=\frac{0.2}{3.6}\text{ms}^{-1}$

Distance travelled by the 15 m length bus, $s=(15+25)\text{m}=40\text{m}$

$\therefore$ time required, $t=\frac{s}{v_r}=\frac{40}{\frac{0.2}{3.6}}=720\text{ sec}=\frac{720}{60}\text{minutes}=12\text{ minutes}$

02. একটি বিড়াল 20 মিটার দূরে একটি ইঁদুর কে দেখতে পেয়ে স্থিরাবস্থা হতে 3 মিটার/ সেকেন্ড^2 ত্বরণে ইঁদুরটির পশ্চাতে দৌড়ালো। ইঁদুরটি 13 মিটার/সেকেন্ড সমবেগে দৌড়াতে থাকলে কতক্ষণ পরে এবং কত দূরে গিয়ে বিড়ালটি ইঁদুরটিকে ধরতে পারবে?

(a) 15 সেকেন্ড ও 150 মিটার (b) 20 সেকেন্ড ও 200 মিটার **[KUET'16-17]**

(c) 10 সেকেন্ড ও 150 মিটার (d) 10 সেকেন্ড ও 200 মিটার (e) 20 সেকেন্ড ও 150 মিটার

সমাধান: (c); $20 + 13t = \frac{1}{2} \times 3 \times t^2 \Rightarrow t = 10s, -\frac{4}{3}s$ [অগ্রহণযোগ্য] $\therefore t = 10s \therefore$ দূরত্ব $= 20 + 13 \times 10 = 150m$

03. একটি বাঘ 20 মিটার দূরে একটি হরিণকে দেখতে পেয়ে স্থির অবস্থান হতে $3m/sec^2$ ত্বরণে হরিণটির পশ্চাতে দৌড়াল। হরিণটি 13 m/sec সমবেগে দৌড়াতে থাকলে কতক্ষণ পরে বাঘটি হরিণকে ধরতে পারবে? **[KUET'09-10, CUET'15-16]**

(a) 2sec (b) 12sec (c) 10sec (d) 20sec (e) $\frac{26}{3}$sec

সমাধান: **(c);** $20 = \frac{1}{2}at^2 - vt = \frac{1}{2} \times 3t^2 - 13t$

বা, $40 = 3t^2 - 26t$ বা, $3t^2 - 26t - 40 = 0$ বা, $3t^2 - 30t + 4t - 40 = 0$

বা, $3t(t-10) + 4(t-10) = 0$ বা, $(t-10)(3t+4) = 0$

$\therefore t = 10\,\text{sec}, \frac{-4}{3}\text{sec} \therefore t = 10\,\text{sec}$ [ধনাত্মক মান গ্রহণযোগ্য]



Written

04. এক ব্যক্তি তার 50 m দূরে একটি বাসকে স্থিরাবস্থা হতে সুষম ত্বরণে যাত্রা শুরু করতে দেখে। ঐ মুহূর্তে সে সমবেগে বাসের দিকে দৌড় শুরু করে এবং এক মিনিটে বাসটিকে ধরে। লোকটির বেগ ও বাসটির ত্বরণ নির্ণয় কর। **[BUET'19-20]**

সমাধান: লোকের বেগ v ও বাসের ত্বরণ a হলে,

$0 + 60 \times a = v \Rightarrow 60a = v \Rightarrow a = \frac{v}{60}$ [ধরি, বাস ধরার সময় বাস ও ব্যক্তির বেগ সমান]

$60v = 50 + 0 + \frac{1}{2} \times a \times 3600 \therefore v = 1.67ms^{-1}$ এবং $a = 0.0278ms^{-2}$

05. স্থিরাবস্থা থেকে একটি বাসকে $3ms^{-2}$ সমত্বরণে চলতে দেখে বাসটিকে ধরার উদ্দেশ্যে একজন লোক বাসের পেছনে কিছুদূর থেকে 12 ms^{-1} সমবেগে দৌঁড়াতে আরম্ভ করে। বাস থেকে লোকটি সর্বোচ্চ কত দূরে থাকলে বাসটিকে ধরতে পারবে?

সমাধান: A x B C **[BUET'17-18]**

ধরি, B বিন্দু থেকে বাসটি $3ms^{-2}$ ত্বরণে t সময়ে c বিন্দুতে পৌছায়। লোকটি A বিন্দু থেকে $12ms^{-1}$ বেগে দৌড়িয়ে t সময়ে c বিন্দুতে পৌছায়।

A ও B এর দূরত্ব x হলে, $12t - \frac{1}{2}3t^2 = x \Rightarrow -3t^2 - 24t = 2x$

$\Rightarrow 3t^2 + 24t + 2x = 0 \ldots\ldots\ldots (i)$

এখন লোকটি বাসকে ধরতে হলে t এর মান বাস্তব হতে হবে।

সুতরাং (i) নং সমীকরণের নিশ্চায়ক $\geq 0 \Rightarrow (24)^2 - 4 \times 3 \times 2x \geq 0 \Rightarrow 24 \times 24 \geq 4 \times 3 \times 2x \Rightarrow x \leq 24$

সুতরাং লোকটি সর্বোচ্চ 24 মি. দূর থেকে বাসকে ধরতে পারবে।

06. কোন সাইকেল আরোহী একখানা ইঞ্জিনের 84 মিটার পশ্চাৎ হতে $20ms^{-1}$ সমবেগে তার দিকে যাত্রা করল। একই সময় ইঞ্জিনটি $2ms^{-2}$ সমত্বরণে সম্মুখের দিকে যাত্রা করল। তারা কখন মিলিত হবে? উত্তরটি ব্যাখ্যা কর। **[BUTEX'03-04]**

সমাধান: ধরি, t সময় পরে মিলিত হবে, সাইকেল আরোহী কর্তৃক অতিক্রান্ত দুরত্ব $= 20\,t$

ইঞ্জিন কর্তৃক অতিক্রান্ত দুরত্ব $= \frac{1}{2} \times 2 \times t^2 = t^2$

$\therefore 20t - t^2 = 84 \Rightarrow t^2 - 20t + 84 = 0 \Rightarrow t^2 - 14t - 6t + 84 = 0 \Rightarrow (t-14)(t-6) = 0 \quad \therefore t = 14, 6.$

সাইকেল আরোহী 6 সে. পর ইঞ্জিনকে অতিক্রম করবে। আবার 14 সে. পর ইঞ্জিনটি সাইকেল আরোহীকে অতিক্রম করবে।

Question Type-06: বিশেষ এক সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব সংক্রান্ত

➲ **Formula & Concept:**

➢ t তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $S_{th} = u + \frac{1}{2}f(2t-1)$

➢ t সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব, $s = ut + \frac{1}{2}ft^2$

MCQ

01. একটি দালানের ছাদ হতে অবাধে পড়ন্ত একটি বস্তু পতনের শেষতম সেকেন্ডে দালানের $\frac{9}{25}$ অংশ অতিক্রম করে। দালানের উচ্চতা কত? **[RUET'11-12, BUTEX'15-16]**

(a) 44.1m (b) 122.5m (c) 78.4m (d) 93.96m

সমাধান: (b); ধরি, t সময়ে বস্তুটি ভূমিতে আসে। $\therefore \frac{1}{2}g(2t-1) = \frac{9}{25}H = \frac{9}{25} \times \frac{1}{2}gt^2 \Rightarrow 25(2t-1) = 9t^2$

$\Rightarrow 9t^2 - 50t + 25 = 0 \Rightarrow t = 5, 0.56$; $t = 0.56$ sec গ্রহণযোগ্য নয়, কেননা $t > 1$

$\therefore t = 5$sec $\therefore$ দালানের উচ্চতা, $H = \frac{1}{2}gt^2 = \frac{1}{2} \times 9.8 \times (5)^2$m $= 122.5$m

02. স্থির অবস্থা থেকে কোন বস্তুর অতিক্রান্ত দূরত্ব সময়ের বর্গের সমানুপাতিক। বস্তুটি 3 সেকেন্ডে 18 মিটার অতিক্রম করলে চতুর্থতম সেকেন্ডে কত পথ অতিক্রম করবে? **[KUET'10-11]**

(a) 14meter (b) 18meter (c) 16meter (d) 12meter (e) 22meter

সমাধান: (a); $S = ut + \frac{1}{2}at^2 \Rightarrow 18 = 0 + \frac{1}{2} \times a \times 9 \Rightarrow a = 4ms^{-2}$

$\therefore S_4 = u + \frac{1}{2}a(2t-1) = 14$m.

Question Type-07: রেলগাড়ির সংঘর্ষ এড়ানোর শর্ত নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

♦ সমত্বরণে চলমান বস্তুর জন্য, $v^2 = u^2 + 2fs$

এখানে, u = আদিবেগ; v = শেষবেগ; f = ত্বরণ; s = অতিক্রান্ত দূরত্ব।

Note: f.p.s পদ্ধতিতে-এ g এর মান, $g = 32\ fts^{-2}$

MCQ

01. দুইটি ট্রেন একই রেল পথে বিপরীত দিক থেকে প্রতি ঘণ্টায় $40ms^{-1}$ এবং $60ms^{-1}$ গতিবেগে অগ্রসর হচ্ছে। 1300m দূরত্বে থাকাকালে উভয় ইঞ্জিনে একই মানের মন্দন প্রয়োগ করা হলো। মন্দনের সর্বনিম্ন মান নির্ণয় কর যাতে সংঘর্ষ এড়ানো যেতে পারে। **[KUET'15-16]**

(a) $-3\ ms^{-2}$ (b) $5\ ms^{-2}$ (c) $2\ ms^{-2}$ (d) $15\ ms^{-2}$ (e) $11\ ms^{-2}$

সমাধান: (c); প্রথম ট্রেনের ক্ষেত্রে $x_1 = \frac{v_1^2}{2a}$; দ্বিতীয় ট্রেনের ক্ষেত্রে $x_2 = \frac{v_2^2}{2a}$

$\therefore x_1 + x_2 = \frac{v_1^2 + v_2^2}{2a}$; $a = \frac{40^2 + 60^2}{2 \times 1300} = 2\ ms^{-2}$

02. দুইটি ট্রেন একই রেলপথে বিপরীত দিকে হতে 44ft/sec ও 66ft/sec গতিবেগে অগ্রসর হচ্ছে। ট্রেন দুইটি 1573ft দূরত্বে থাকাকালে সংঘর্ষ এড়ানোর জন্য উভয় ইঞ্জিনে ব্রেক করা হলো। উভয় ইঞ্জিনের মন্দন সমান। মন্দনের সর্বনিম্ন মান কত? **[RUET'13-14]**

(a) $5ft/sec^2$ (b) $\frac{5}{2}ft/sec^2$ (c) $3ft/sec^2$ (d) $2ft/sec^2$ (e) None

সমাধান: (d) ;



$S_1 = \frac{-u_1^2}{2f} = \frac{-44^2}{2f}; S_2 = \frac{-u_2^2}{2f} = \frac{-66^2}{2f}$

প্রশ্নমতে, $\frac{44^2}{2f} + \frac{66^2}{2f} = -1573 \therefore f = -2ft/s^2$. $\therefore$ মন্দন $= 2ft/s^2$.

Question Type-08: নির্দিষ্ট অংশ ভেদ করে বেগ হারানোর পর অতিক্রান্ত দূরত্ব সংক্রান্ত

➲ **Formula & Concept:**

ধরা হয়, ভেদ করার সময় সুষম মন্দনে বুলেটের বেগ হ্রাসপ্রাপ্ত হয়।

প্রধান সূত্রঃ $v^2 = u^2 + 2fs\ [f < 0]$		
একটি বুলেট-	আরও অতিক্রম করবে	মোট অতিক্রান্ত দূরত্ব
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায়	(i) $x = \frac{s(n-1)^2}{2n-1}$ (ii) $N = \frac{(n-1)^2}{2n-1} \approx \frac{n}{2} - 1$	(i) $x_t = \frac{s(n-1)^2}{2n-1} + s$ (ii) $N_t = \frac{(n-1)^2}{2n-1} + 1 \approx \frac{n}{2}$
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয়	(i) $x = \frac{s}{n^2-1}$ (ii) $N = \frac{1}{n^2-1}$	(i) $x_t = \frac{s}{n^2-1} + s$ (ii) $N_t = \frac{1}{n^2-1} + 1$
(i) নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে পূর্বের n^2 গুণ তক্তা ভেদ করতে পারবে। [অর্থাৎ, নির্দিষ্ট পুরুত্বের a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে n^2a টি তক্তা ভেদ করতে পারবে।] (ii) বিপরীতক্রমে, ঐ পুরুত্বের m সংখ্যক তক্তা ভেদ করতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে। [অর্থাৎ, a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, ma সংখ্যক তক্তা ভেদ করাতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে।]		

MCQ

01. একটি বুলেট একটি তক্তা ভেদ করতে এর বেগের $\frac{1}{10}$ অংশ হারায়। মন্দন সুষম হলে, বুলেটটি থামার পূর্বে পরপর স্থাপিত অনুরুপ কতগুলি তক্তা ভেদ করবে? **[CKRUET'20-21]**

(a) $5\frac{5}{19}$ (b) $4\frac{5}{19}$ (c) $5\frac{4}{19}$ (d) $3\frac{5}{19}$ (e) $5\frac{3}{19}$

সমাধানঃ (b); আদিবেগ $= v$

একটি তক্তা ভেদ করার পর বেগ, $v' = v\left(1 - \frac{1}{10}\right) = 9\frac{v}{10}$

গতিশক্তি, $\frac{1}{2}mv'^2 = \frac{1}{2}mv^2 \times \frac{81}{100}$

একটি তক্তা ভেদ করতে ব্যয়িত শক্তি $= \frac{1}{2}mv^2 - \frac{1}{2}mv'^2 = \frac{1}{2}mv^2 - \frac{1}{2}m\left(\frac{81v^2}{100}\right) = \frac{1}{2}mv^2 \times \frac{19}{100}$ J

$\frac{1}{2}mv^2 \times \frac{19}{100}$ J শক্তি দিয়ে ভেদ করা যায় 1 টি তক্তা

$\therefore \frac{1}{2}mv^2 \times \frac{81}{100}$ J শক্তি দিয়ে ভেদ করা যায় $\frac{81}{19}$ টি তক্তা $= 4\frac{5}{19}$ টি তক্তা

Shortcut: $v' = \frac{v}{n} \Rightarrow n = \frac{v}{v'} = \frac{10}{9}$; $S' = \frac{S}{n^2-1} = \frac{81}{19}s = 4\frac{5}{19}s$

02. একটি বুলেট লক্ষ্যবস্তুর 3 cm ভিতরে প্রবেশ করতে তার অর্ধেক বেগ হারায়। লক্ষ্যবস্তুর প্রতিরোধ সুষম হলে বুলেটটি আর কতদূর প্রবেশ করবে? **[BUET'12-13, 13-14]**

(a) 0.5cm (b) 1.0cm (c) 1.5cm (d) 2.0cm

সমাধান: (b); কাজ শক্তি উপপাদ্য প্রয়োগ করলে অঙ্ক সবচেয়ে Short হয়।

ধরি, F = বাধাদানকারী বল



AB অংশে, $F(3) = \frac{1}{2}mu^2 - \frac{1}{2}\left(\frac{u}{2}\right)^2 \ldots$ (i)

BC অংশে, $FS = \frac{1}{2}m\frac{1}{2}\left(\frac{u}{2}\right)^2 \ldots$ (ii)

(ii) ÷ (i) $\frac{s}{3} = \frac{\frac{u^2}{4}}{u^2 - \frac{u^2}{4}} = \frac{\frac{1}{4}}{1 - \frac{1}{4}} \Rightarrow \frac{S}{3} = \frac{1}{3} \Rightarrow S = 1\text{cm}$

Shortcut: $5' = \frac{5}{3} = \frac{3cm}{3} = 1cm$

Shortcut: S দূরত্ব অতিক্রম করে $\frac{1}{n}$ অংশ বেগ হারালে আরো x দূরত্ব অতিক্রম করলে $x = \frac{s(n-1)^2}{(2n-1)}$

Written

03. একটি বুলেট একটি তক্তা ভেদ করতে তার বেগের $\frac{1}{10}$ অংশ হারায়। তক্তার প্রতিরোধ ক্ষমতা সুষম হলে থামবার পূর্বে বুলেটটি কতগুলো তক্তা ভেদ করতে পারবে? **[BUET'09-10]**

সমাধান: $v^2 = v_o^2 - 2as_1$ বা, $\left(v_o - \frac{v_o}{10}\right)^2 = v_o^2 - 2as_1$ বা, $\frac{81v_o^2}{100} = v_o^2 - 2as_1$ $\therefore 2as_1 = \frac{19v_o^2}{100}$

আবার, $v_o^2 - 2as_2 = 0 \therefore 2as_2 = v_o^2 \therefore \frac{s_1}{s_2} = \frac{19}{100} \therefore \frac{s_2}{s_1} = \frac{100}{19} = 5.263$ (প্রায়) $\therefore$ মোট 5 টি তক্তা।

বিকল্প: প্রথমে, $E_k = \frac{1}{2}mv^2$; পরবর্তীতে, $v' = \frac{9v}{10}$; $E_k' = \frac{1}{2}m\left(\frac{9v}{10}\right)^2 = \frac{81}{100}E_k$

এখন, $\left(E_k - \frac{81}{100}\right)E_k \Rightarrow \frac{19}{100}E_k$ দিয়ে অতিক্রম করা যায় 1 টি তক্তা

E_k দিয়ে অতিক্রম করা যায় $\frac{100}{19}$ টি তক্তা = 5.263 টি তক্তা = প্রায় 5 টি তক্তা

Question Type-09: আপেক্ষিক বেগ সংক্রান্ত

➲ **Formula & Concept:**

- একই দিকে গেলে আপেক্ষিক বেগ হবে তাদের বেগের অন্তরফল।
- বিপরীত দিকে গেলে আপেক্ষিক বেগ হবে তাদের বেগের যোগফল।
- আপেক্ষিক বেগ নির্ণয়ের ক্ষেত্রে যার সাপেক্ষে আপেক্ষিক বেগ নির্ণয় করতে হবে তার বিপরীত বেগ নিয়ে অপর বেগের সাথে সামান্তরিক গঠন করলে সামান্তরিকের বেগদ্বয়ের ক্রিয়া বিন্দুগামী কর্ণই আপেক্ষিক বেগের মান ও দিক নির্দেশ করে।



B এর সাপেক্ষে A এর বেগ, $\vec{V}_{AB} = \vec{V}_A - \vec{V}_B$

A এর সাপেক্ষে B এর বেগ, $\vec{V}_{BA} = \vec{V}_B - \vec{V}_A$

আবার, $\vec{V}_A = \vec{V}_B + \vec{V}_{AB}$ এবং $\vec{V}_B = \vec{V}_A + \vec{V}_{BA}$

অর্থাৎ, কোন একটি বস্তুর বেগ এবং বস্তুটির সাপেক্ষে দ্বিতীয় কোন বস্তুর বেগের লব্ধি দ্বিতীয় বস্তুটির বেগের সমান।

MCQ

01. একজন নাবিক v কিমি/ঘণ্টা বেগে একটি নৌকা চালিয়ে u কিমি/ঘণ্টা বেগে প্রবাহিত একটি নদী ন্যূনতম পথে পাড়ি দিতে চায়। নদীর স্রোতের সাপেক্ষে নৌকার আপেক্ষিক বেগ কত? **[RUET'14-15]**

(a) $\sqrt{u^2 + v^2 - 2uv\cos\left(\sin^{-1}\frac{u}{v}\right)}$ (b) $\sqrt{u^2 + v^2 + 2uv\cos\left(\sin^{-1}\frac{u}{v}\right)}$

(c) $\sqrt{u^2 + v^2 - 2uv\cos\left(\tan^{-1}\frac{u}{v}\right)}$ (d) $\sqrt{u^2 + v^2 + 2uv\sin\left(\sin^{-1}\frac{u}{v}\right)}$

(e) $\sqrt{u^2 + v^2 - 2uv\sin\left(\sin^{-1}\frac{u}{v}\right)}$

সমাধান: (সঠিক উত্তর নেই);



Fig: 1



Fig: 2

প্রথম চিত্র থেকে পাই, নৌকার লব্ধি বেগ, $\vec{w} = \vec{u} + \vec{v} \therefore \vec{v} = \vec{w} - \vec{u}$ ..... (i)

দ্বিতীয় চিত্র হতে পাই, স্রোতের সাপেক্ষে নৌকার আপেক্ষিক বেগ, $\vec{v_r} = \vec{w} - \vec{u} = \vec{v}$ [from (i)] $\therefore \vec{v_r} = \vec{v}$

02. 200 m এবং 300 m দৈর্ঘ্যের দুইটি ট্রেন একটি ষ্টেশন থেকে একই দিকে দুইটি সমান্তরাল রেলপথে যথাক্রমে 40kmh^{-1} এবং $30\ \text{kmh}^{-1}$ বেগে যাত্রা করে। কত সময়ে এরা পরস্পরকে অতিক্রম করবে? **[BUET'12-13]**

(a) 2 minutes (b) 3 minutes (c) 4 minutes (d) 3.5 minutes

সমাধান: (b); প্রশ্ন হতে বোঝাই যায় যে অতিক্রম করলে 40kmh^{-1} এর ট্রেনই করবে।

t সময়ে অতিক্রম করলে [t hour এককে]

$40t = 30t + 0.2 + 0.3$

$\Rightarrow t = 0.05$ hour

$\Rightarrow t = 3$minutes



03. 80 m প্রশস্ত একটি নদীতে স্রোত না থাকলে তা সোজাসুজি পাড়ি দিতে একজন লোকের সময় লাগে 4 minutes, কিন্তু স্রোত থাকলে তা পার হতে সময় লাগে 5 minutes । স্রোতের বেগ নির্ণয় কর। **[RUET'12-13]**

(a) 15 m/min (b) 12 m/min (c) 16 m/min (d) 14 m/min (e) 13 m/min

সমাধান: (b); $u = 20\text{m/min}$; $\sqrt{u^2 - v^2} = 16\text{m/min}$; $v^2 = 20^2 - 16^2$ or, $v = 12$ m/min

Question Type-10: শব্দ শোনার সময় হিসেব করে গভীরতা নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

এক্ষেত্রে গতিবিদ্যার মুক্তভাবে পড়ন্ত বস্তুর সূত্র, $h = ut + \frac{1}{2}gt^2$

$v = u + gt$ ইত্যাদি ব্যবহার করতে হবে [পড়ন্ত বস্তুটির জন্য]

u = আদিবেগ, v = শেষবেগ, g = অভিকর্ষজ ত্বরণ

শব্দের জন্য:

$h = v_s t$ ব্যবহার করতে হবে। [শব্দ সমবেগে চলে]

v_s = শব্দের বেগ

MCQ

01. কুয়ার ভিতর একটি পাথর ছেড়ে দেওয়ায় $3\frac{1}{2}$ sec পর পাথরটি পড়ার শব্দ পাওয়া গেল। যদি শব্দের বেগ 327ms^{-1} হয়, তবে কুয়ার গভীরতা হবে- **[CUET'13-14]**

(a) 45.5 m (b) 54.5 m (c) 50.0 m (d) None of these

সমাধান: (b); ধরি, কূপের গভীরতা = h, পতনের সময় = t

শব্দ উপরে আসার সময়= $\frac{h}{327}$ $\therefore t + \frac{h}{327} = \sqrt{\frac{2h}{g}} + \frac{h}{327} = \frac{7}{2}$

$\sqrt{h} = x$ ধরে, $\frac{x^2}{327} + x\sqrt{\frac{2}{g}} = \frac{7}{2} \Rightarrow x = 7.379 \Rightarrow h = 54.5\text{m}$

02. একটি শূন্য কূপে একটি পাথর খন্ড ফেললে তা 3 sec-এ কূপের তলদেশে পৌঁছালে কূপের গভীরতা হবে.- **[CUET'10-11]**

(a) 14.72m (b) 88.29m (c) 44.15m (d) None of these

সমাধান: (c); $h = ut + \frac{1}{2}gt^2 = 0 \times t + \frac{1}{2} \times 9.81 \times 3^2 = 44.145\text{m}$

Question Type-11: উপর থেকে বিনা বাধায় পতনশীল বস্তুর গতি সংক্রান্ত

➲ **Formula & Concept:**

♦ পতনশীল বস্তুর ক্ষেত্রে, $v = u + gt$; $h = ut + \frac{1}{2}gt^2$ [নিচের দিকে +ve ধরে]

♦ **Special Case: বস্তু মাটিতে x দূরত্ব প্রবেশ করলে বস্তুর উপর বল:**

h উচ্চতা থেকে ভূমিতে পড়ার ঠিক আগ মুহূর্তের বেগ, $v_1^2 = 2gh \Rightarrow v_1 = \sqrt{2gh}$

অর্থাৎ মাটিতে প্রবেশ করা শুরু করার সময় আদিবেগ

$u_2 = v_1 = \sqrt{2gh}$ এবং মাটির ভিতরে শেষ বেগ, $v_2 = 0$



ধরি, মন্দন = f

এখন, $v_2^2 = u_2^2 - 2fx \Rightarrow 0 = u_2^2 - 2fx \Rightarrow 2fx = u_2^2 \Rightarrow 2fx = 2gh \therefore f = g\frac{h}{x}$

∴ গড় বল = mg + mf



$\sum F = mf \Rightarrow F - mg = mf \Rightarrow F = mg + mf = mg + mg\frac{h}{x} \therefore F = mg\left(1 + \frac{h}{x}\right)$

MCQ

01. A particle falls freely from a tower for 4 seconds. What is the distance it crosses in the last 2 seconds?

(a) 128 ft (b) 16 ft (c) 96 ft (d) 192 ft **[IUT'21-22]**

Solution: (d); $d = \frac{1}{2}g(4^2 - 2^2)\text{ ft} = \frac{1}{2} \times 32(16 - 4)\text{ ft}$

$= 16 \times 12\text{ ft} = 192\text{ ft}$[Note: in f. p. s system $g = 32\text{ fts}^{-2}$]

02. একটি বস্তু বিনা বাধায় শুধুমাত্র মধ্যাকর্ষনের প্রভাবে খাড়া নিচের দিকে নামা অবস্থায় 128 ft দূরত্বে অবস্থিত দুইটি বিন্দু 2 সেকেন্ডে অতিক্রম করে। উপরের বিন্দু হতে কত উচ্চতায় বস্তু নিচের দিকে নামা শুরু করেছিল? **[KUET'11-12, CKRUET'20-21]**

(a) 13 ft (b) 19 ft (c) 21 ft (d) 27 ft (e) 16 ft

সমাধান: (e); $h = ut + \frac{1}{2}gt^2 \Rightarrow 128 = u \times 2 + \frac{1}{2} \times 32 \times 2^2$ [$g = 32\text{ fts}^{-2}$]

$\Rightarrow 128 = 2u + 64 \Rightarrow u = 32\text{fts}^{-1}$; উপরের বিন্দুতে বেগ ছিল 32 fts^{-1}।

বস্তুটি উপরের বিন্দু থেকে h′ উচ্চতায় নামা শুরু করলে, $u^2 = 2gh' \Rightarrow h' = \frac{u^2}{2g} = \frac{32^2}{2\times32} = 16\text{ft}$

03. If a stone is made fallen into a vacuum well then it will reach the bottom with a velocity of 18ms^{-1}. What is the depth of the well? **[IUT'19-20]**

(a) 9.18 m (b) 18.36 m (c) 16.53 m (d) 32.06 m

Solution: (c); $v^2 = 2gh \Rightarrow 18^2 = 2 \times 9.8 \times h \therefore h = 16.53\text{m}$



04. 4 গ্রাম ভরের একটি বস্তু 6 মিটার উচ্চ স্থান হতে পতিত হয়ে কাঁদায় 5 সে.মি. প্রবেশে করে স্থির হয়ে পড়ল। ভরটির উপর কাঁদায় গড় ধাক্কার পরিমাণ কত? **[KUET'16-17]**

(a) 18.973N (b) 9.486N (c) 4.7432N (d) 2.3716N (e) 1.1856N

সমাধান: (c); $mg(h+x) = Fx \Rightarrow F = \frac{mg(h+x)}{x} = 4.7432N$

05. 4 kg ভরের একটি বস্তু 150 মিটার উচ্চতা থেকে পতিত হয়ে কাঁদার ভিতর 2 মিটার প্রবেশ করে স্থির হল। বস্তুটির উপর কাঁদার গড় চাপ হবে- **[CUET'14-15]**

(a) 2979.2N (b) 2879.2N (c) 2880.2N (d) None of them

সমাধান: (a); $R = mg\left(1+\frac{h}{x}\right) = 4 \times 9.8 \times \left(1+\frac{150}{2.}\right)N = 2979.2N$

06. 0.25kg এবং 0.50kg ভরের দুইটি বস্তু যথাক্রমে h_1 এবং h_2 উচ্চতা হতে মুক্তভাবে পড়ে একই সমান গতিশক্তিতে ভূপৃষ্ঠে পড়ল। $\frac{h_1}{h_2}$ এর মান নির্ণয় কর। **[KUET'13-14]**

(a) $\frac{3}{5}$ (b) $\frac{11}{15}$ (c) $\frac{3}{7}$ (d) $\frac{2}{1}$ (e) $\frac{3}{13}$

সমাধান: (d); $E = \frac{1}{2}mv^2 = \frac{1}{2}m \times 2gh = mgh$; $E \propto mh \therefore m_1h_1 = m_2h_2 \Rightarrow \frac{h_1}{h_2} = \frac{m_2}{m_1} = \frac{0.50}{0.25} = \frac{2}{1}$

07. 10kg ভরের একটি বস্তু 9.81 মিটার উচ্চতা হতে পতিত হয়ে মাটির মধ্যে 1.962 মিঃ প্রবেশ করে সুস্থির হয়। মাটির প্রতিরোধ বল এর মান কত? **[KUET'13-14]**

(a) 588.60N (b) 298.30N (c) 2452.50N (d) 4905N (e) 9810N

সমাধান: (a); $mg(h+x) = Fx \Rightarrow 10 \times 9.81 \times (9.81 + 1.962) = F \times 1.962 \Rightarrow F = 588.6N$

08. একটি বিমান অবতরণকালে কোন এক সময় (400,800) বিন্দুতে অবস্থান করে এবং কিছুক্ষণের মধ্যে বিমানটি (400,0) বিন্দুতে অবস্থান করে, তাহলে বিমানটি কী হবে? **[BUTEX'12-13]**

(a) বিধ্বস্ত হবে (b) বিধ্বস্ত হবে না (c) আরও উর্ধ্বমুখী হবে (d) কোনটি হবে না

সমাধান: (a) ; বিমানের গতিপথের গ্রাফ অর্থাৎ বিধ্বস্ত হবে।



Written

09. একটি টাওয়ারের শীর্ষবিন্দু হতে অবাধে পড়ন্ত একখন্ড পাথর x মিটার দূরত্বে পৌঁছালে টাওয়ারের শীর্ষবিন্দুর y মিটার নিচে কোনো বিন্দু থেকে আরেক খন্ড পাথর নিচে ফেলা হল। এরা একই সাথে ভূমিতে পড়লে, টাওয়ারের উচ্চতা নির্ণয় কর। **[BUTEX'20-21]**

সমাধান: x দূরত্ব পতনের পর বেগ v হলে, $v^2 = 0 + 2gx \Rightarrow v = \sqrt{2gx}$

এবং ঠিক সেই সময়ে দ্বিতীয় পাথরের বেগ শূন্য।

মনে করি, ঐ সময় হতে t সময় পর তারা মাটিতে পড়ে এবং টাওয়ারের উচ্চতা = h

তাহলে, $h - x = \sqrt{2gx} \times t + \frac{1}{2}gt^2$ এবং $h - y = \frac{1}{2}gt^2$

বিয়োগ করে, $y - x = \sqrt{2gx} \times t \Rightarrow t = \frac{y-x}{\sqrt{2gx}}$

এখন, $h - y = \frac{1}{2}gt^2 \Rightarrow h = y + \frac{1}{2}g \times \frac{(y-x)^2}{2gx} = y + \frac{(y-x)^2}{4x} = \frac{4xy+(x-y)^2}{4x} = \frac{(x+y)^2}{4x}$

∴ নির্ণেয় টাওয়ারের উচ্চতা = $\frac{(x+y)^2}{4x}$

Question Type-12: ভূমি থেকে উলম্বভাবে নিক্ষিপ্ত বস্তুর গতি সংক্রান্ত

➲ **Formula & Concept:**

ঊর্ধ্বে নিক্ষিপ্ত বস্তুর ক্ষেত্রে, [উপরের দিকে +ve ধরে]

$v = u - gt$

$h = ut - \frac{1}{2}gt^2$

সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2}{2g}$; বিচরণকাল, $T = \frac{2u}{g}$

সর্বোচ্চ উচ্চতায় উঠতে সময়, $t_{max} = \frac{u}{g}$



$t = h$ উচ্চতায় প্রথমবার উঠতে সময়

t_1 = সর্বোচ্চ উচ্চতা অতিক্রম করার পর h উচ্চতায় ২য় বার থাকার সময়

t_2 = t সময়ে h উচ্চতায় ওঠার পর সর্বোচ্চ উচ্চতা অতিক্রম করে সেখানে থেকে নামার সময়

$h = ut - \frac{1}{2}gt^2 \Rightarrow 2h = 2ut - gt^2 \Rightarrow gt^2 - 2ut + 2h = 0 \ldots\ldots\ldots\ldots$ (i)

(i) এর মূলদ্বয় t ও t_1 [$\because$ t ও t_1 সময়ে h উচ্চতায় থাকে]

$\therefore t + t_1 = -\frac{(-2u)}{g} = \frac{2u}{g}$ $\quad \therefore \boxed{t + t_1 = \frac{2u}{g} = T}$ →বিচরণকাল

কিন্তু ২য় চিত্র হতে, বিচরণকাল, $\boxed{T = t + t_2}$

প্রশ্নমতে, $\boxed{t_2 = t_1}$

MCQ

01. The height, in feet, to which a golf ball rises when it is short upward from ground level is described by $h(t) = -16t^2 + 48t$. Where, t is the time elapsed in seconds. Use the discriminant to determine whether the golf ball can reach a height of 32 feet or not, and if it can then how many times it reaches that height. **[IUT'14-15]**

(a) Not possible (b) Possible to reach the height 2 times

(c) Possible only once (d) None of these

Solution: (b); $32 = -16t^2 + 48t \Rightarrow t^2 - 3t + 2 = 0$

Discriminant $= \sqrt{(-3)^2 - 4.2.1} = 1 > 0$ $\therefore$ The golf ball can reach a height of 32 feet. The equation has 2 solutions. Therefore, it is possible to reach the height 2 times.

02. $19.6 ms^{-1}$ বেগে একটি পাথর খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে যে সময় পরে এটি ভূমিতে পড়বে তা হল- **[BUET'13-14]**

(a) 2 sec (b) $\frac{1}{2}$ sec (c) 4 sec (d) $\frac{1}{4}$ sec

সমাধান: (c); $T = \frac{2u}{g} = \frac{2\times19.6}{9.8} = 4sec$

Written

03. u বেগে উপরে নিক্ষিপ্ত একটি বস্তু সর্বোচ্চ উচ্চতার অর্ধেক অতিক্রম করতে যে সময় নিবে তা নির্ণয় কর। **[RUET'19-20]**

সমাধান: সর্বোচ্চ উচ্চতার অর্ধেক, $h_{\frac{1}{2}} = \frac{1}{2} \times \frac{u^2}{2g} = \frac{u^2}{4g}$

